



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১০৪

রাজশাহীকে কর্মবান্ধব শহর হিসেবে গড়ে তুলতে হবে

- শিল্পমন্ত্রী

রাজশাহী; ১১ অগ্রহায়ণ (২৬ নভেম্বর)

রাজশাহীকে কর্মবান্ধব শহর হিসেবে গড়ে তুলতে হবে বলে মন্তব্য করেছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। আজ শনিবার (২৬ নভেম্বর) দুপুরে রাজশাহী সার্কিট হাউসে অনুষ্ঠিত ব্যবসাবান্ধব পরিবেশ নিশ্চিতকরণে রাজশাহী জেলার ব্যবসায়ী ও রাজনৈতিক নেতৃবৃন্দ এবং অংশীজনের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এ মন্তব্য করেন।

শিল্পমন্ত্রী বলেন, আমাদের মূল উদ্দেশ্য- কর্মসংস্থান সৃষ্টি করা। সিল্ক সিটি হিসেবে সারা পৃথিবীতে রাজশাহীর সুনাম আছে, আমাদের কাছে রাজশাহী শিক্ষা নগরী হিসেবে পরিচিত। এখন এই শহরকে কর্মবান্ধব শহর হিসেবে গড়ে তুলতে হবে, একে কর্মসংস্থানের শহরে রূপান্তর করতে হবে। এখানে অনেক সম্ভাবনা আছে।

তিনি পরিষ্কার-পরিচ্ছন্ন রাজশাহীর প্রশংসা করে বলেন, আমি আশাবাদী- এই শহর অনেক সুন্দর হয়েছে, এটা মানুষকে আকর্ষণ করবে, এটা পর্যটনের দ্বার খুলে দিয়েছে। এর সঙ্গে রেস্টুরেন্ট, ফ্যাশন হাউস, পার্লারসহ সব ধরনের আধুনিক ব্যবসা চলবে। এখন পর্যটনকেন্দ্রের যে সুবিধাগুলো আছে সীমিতভাবে হলেও সেগুলো এখানে আনতে হবে। এখন আমরা আর গরিব দেশ নাই, আমাদের ক্রয় ক্ষমতা বেড়েছে- তাই এখানে এগুলো করা হলে ভালো চলবে।

রাজশাহী অঞ্চলে খাদ্য প্রক্রিয়াকরণে সবচেয়ে বেশি সম্ভাবনা রয়েছে মন্তব্য করে নূরুল মজিদ বলেন, এই অঞ্চলে আমাদের আম আছে, টমেটো আছে। রাজশাহীর আমের সুনাম বিশ্বব্যাপী। আম থেকে অনেক প্রোডাক্ট হয়। টমেটো থেকেও অনেককিছু হয়- এটা প্রক্রিয়া করতে পারলে সারাবিশ্বে এর বাজার আছে। এগুলো যদি ক্যানিংজাত করা যায়, তবে প্রচুর আয় করা যাবে। ক্ষুদ্র উদ্যোগে এগুলো করা সম্ভব।

রাজশাহীতে চামড়া শিল্পের সম্ভাবনা তুলে ধরে মন্ত্রী বলেন, এখানে চামড়া শিল্পের ব্যাপক সম্ভাবনা রয়েছে। তাই ইতিমধ্যে বেলপুকুরে চামড়া শিল্প গড়ে তোলার প্রক্রিয়া শুরু হয়েছে। এটা সারাবিশ্বে বড় প্রভাব বিস্তার করবে।

শিল্পমন্ত্রী এ সময় ক্ষুদ্র উদ্যোক্তাদের হয়রানি ছাড়া ক্ষুদ্রঋণের সুবিধা প্রদানে আরও কাজ করার আশ্বাস দিয়ে বলেন, যারা ক্ষুদ্রঋণ যেমন- ১০ লাখ বা ১৫ লাখ টাকা নিয়ে কাজ শুরু করছে, তারা তো আর সঙ্গে সঙ্গে ঋণপরিশোধ করতে পারবে না, তাদের একটা নির্দিষ্ট সময় পর্যন্ত অব্যাহতি দরকার আছে। বিশেষ করে যারা নারীউদ্যোক্তা তাদের জন্য আরও বেশি দরকার। তিনি ক্ষুদ্রউদ্যোক্তাদের টিকে থাকার জন্য মার্কেটিং এর ওপর জোর দেয়ার পরামর্শ দেন।

খেলাধুলার ক্ষেত্রেও রাজশাহীর অনেক সুযোগ আছে উল্লেখ করে তিনি রাজশাহীতে বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল) ক্রিকেট আয়োজনের ব্যাপারে কাজ করা আশ্বাস দেন।

মতবিনিময় সভায় রাজশাহী সিটি করপোরেশনের মেয়র এইচএম খায়রুজ্জামান লিটন, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশনের (বিসিক) চেয়ারম্যান মাহবুবুর রহমান, বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ (এনডিসি), রাজশাহী মেট্রোপলিটন পুলিশের কমিশনার মোঃ আবু কালাম সিদ্দিক, বিশিষ্ট সমাজসেবী শাহীন আক্তার রেনী বক্তৃতা করেন। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক আব্দুল জলিল।

বিকেলে মন্ত্রী রাজশাহী বিসিক শিল্পনগরী পরিদর্শন করেন।

.....
তৌহিদ/সিকান্দার/রোকন/হালিম/২০২২/১৬.৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী - ০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd